সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ
E-mail: sirajganjpbs2@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০৪০.২২.১৫৯৮

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **সিঙ্গেল কেবিন পিকআপ গাড়ীর খুচরা যন্ত্রাংশ সরবরাহসহ ওভারহোলিং করার জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

১। সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পবিস-২ এর অনুকুলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তি সাধ্য হবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে (৬ ও ৭ অনুচ্ছেদে বর্ণিত) দাখিল করতে হবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমনঃ কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬। সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs2.sirajganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৭। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **০৭/০৪/২০২২** খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ-এ দাখিল করতে হবে। কোটেশনের খামে সিঙ্গেল কেবিন পিকআপ গাড়ীর খুচরা যন্ত্রাংশ সরবরাহসহ ওভারহোলিং করার কোটেশন এবং **০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে।

উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৮। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৯। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে অর্থাৎ **প্রাপ্ত দরপত্র সমুহ ০৭/০৪/২০২২** খ্রিঃ **তারিখ** বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব স্ব দাখিলকৃত স্থানে খোলা হবে।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১৩। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৪। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ হালনাগাদ ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতার সনদ, আয়কর সনদ পত্র ও ভ্যাট পরিশোধের সনদ পত্র দাখিল করতে হবে। এগুলো ব্যাতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত **গাণিতিক** সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৭। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **১০ (দশ)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৮। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **১০ (দশ)** দিনের মধ্যে জারী করতে হবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকারসংরক্ষণ করে।

৩০-৩-২০২২

অখিল কুমার সাহা

সিনিয়র জেনারেল ম্যানেজার

(জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে) (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) ।

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা ।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ।

৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ ।

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বগুড়া জোন, বাপবিবো বগুড়া ।

৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ---------- পবিস-১/২/৩/৪ ।

৭) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/বেলকুচি/কাজিপুর/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ ।

৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, সিরাজগঞ্জ ।

৯) ডিজিএম (কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি), সিরাজগঞ্জ পবিস-২।

১০) এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), সিরাজগঞ্জ পবিস-২।

১১) এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/পিপুলবাড়ীয়া/তামাই সাব জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।

১২) জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ) ।

১৩) মেসার্স---------- ।

১৪) নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।

১৫) অফিস/মাস্টার কপি ।